



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

## হালিশহর ডাম্পিংয়ে জৈবসার উৎপাদন প্রকল্প একটি শুভ উদ্যোগ - মেয়র

চট্টগ্রাম- ২০ মে ২০২১

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হালিশহর বর্জ্য ড্যাম্প থেকে জৈব সার উৎপাদন প্রকল্পটির বর্তমান অচলাবস্থা কাটিয়ে এর সক্ষমতা ও উৎপাদন বৃদ্ধিতে কৃষক বাজার নামক প্রতিষ্ঠানের পরিচালনা প্রস্তাবনাকে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী স্বাগত জানান।

প্রস্তাবনায় উল্লেখ করা হয়, সব ধরণের ব্যবস্থাপনাগত ব্যয় উদ্যোগে প্রতিষ্ঠান নির্বাহ করবে এবং তারা মাসিক সার উৎপাদন ৩৬০ টনে উন্নীত করবে। এর প্রত্যুত্তরে মেয়র বলেন, এখানে একটি পাওয়ার প্লান্ট স্থাপনের কর্মপরিকল্পনা রয়েছে। এর সাথে যাতে কোন ধরণের সাংঘর্ষিক পরিস্থিতির উভব না হয় সে-ব্যাপারে খেয়াল রেখে প্রণীত নীতিমালা সাপেক্ষে জৈব সার উৎপাদন প্রকল্পটি সম্পূর্ণারিত করা যাবে।

তিনি আরো বলেন, সাবেক সিটি মেয়র এ.বি.এম মহিউদ্দিন চৌধুরী সিটি কর্পোরেশনকে স্বনির্ভর ও স্বাবলম্বী করতে অনেকগুলো আয়বর্দ্ধক প্রকল্প বাস্তবায়ন করেছিলেন। পরিচালনাগত ত্রুটিতে এগুলো এখন সক্ষমতা হারিয়ে বন্ধ বা মুখ থুবড়ে পড়ার পথে। আমরা চাই সম্ভাব্যতা যাচাই সাপেক্ষে এগুলো পুনরায় চালু করা যায় কি-না সে উদ্দেশ্যে পর্যায়ক্রমে পদক্ষেপ নেয়া হবে। কারণ আমরা মনে করি সেবা পরিধি বাড়াতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়ের নতুন উৎস অনুসন্ধান করা একটি চলমান বাস্তবতা। এ জন্য যে-সকল আয়বর্দ্ধক প্রকল্প এখন মৃত সেগুলোর পুনরুজ্জীবন ছাড়াও নিজস্ব জায়গায় নতুন আয়বর্দ্ধক প্রকল্প বাস্তবায়নে নিজেদের উদ্যোগের সাথে বেসরকারি ব্যক্তিক ও প্রতিষ্ঠানিক সম্পৃক্ততা সংযুক্ত হবে। কৃষক বাজারের পক্ষে প্রস্তাবনা উপস্থাপন করেন মো. কামাল উদ্দীন।

এ সময় উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, তত্ত্ববিদ্যায়ক প্রকৌশলী সুদীপ বসাক, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মানান সিদ্দিকী, সহকারী এস্টেট অফিসার আবদুল্লাহ আল মামুন।

## চসিক প্রধান কার্যালয়ের সম্মুখে করোনা প্রতিরোধক বুথ উদ্বোধন

চট্টগ্রাম- ২০ মে ২০২১

চসিক প্রধান কার্যালয়ের প্রবেশ মুখে করোনা প্রতিরোধক বুথ উদ্বোধন করলেন মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী চসিক প্রধান কার্যালয়ের প্রবেশ মুখে করোনা প্রতিরোধক বুথ উদ্বোধন করেন। উদ্বোধন কালে মেয়র বলেন, করোনা দ্বিতীয় চেউ মোকাবেলায় জনসাধারণকে সচেতন ও সুরক্ষিত রাখার লক্ষ্যে নগরীর ৪১টি ওয়ার্ডের জনগুরুত্বপূর্ণ স্থান রেল স্টেশন, বাস স্টেশন, শপিং মল ও ওয়ার্ড কার্যালয়ের সামনে এই করোনা প্রতিরোধক বুথ স্থাপন করে বিনা মূল্যে সেবা প্রদান কার্যক্রম চলমান থাকবে। তিনি আরো বলেন, করোনার নতুন ভারতীয় ধরণের সংক্রমণ আশংকা-উদ্বেগ বাড়িয়েছে। তবে এতে আতঙ্কিত না হয়ে পরিস্থিতি সামাল দেয়ার উপায় অন্বেষণ করতে হবে।

এসময় প্যানেল মেয়র মোঃ গিয়াসউদ্দিন, কাউন্সিলর অধ্যাপক ড. নিছার উদ্দিন আহমদ মঙ্গু, হাসান মুরাদ বিপ্লব, আবুল হাসনাত বেলাল, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর তসলিমা নূরজাহান রূবি ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, সাবেক ছাত্র নেতা শিবু প্রসাদ চৌধুরী, এস. এম কুতুব উদ্দীন উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, মোবাইল-০১৮২৪-৮৭৭৬৯৩